


00AA 360503

of the W.B.L.R. Act 1966 ... duty) duly stamped ... Amendment Act 1988 ... Fee Paid ...

Additional District Sub-Registrar, Bishnupur, South 24 Parganas

১,১০,০০০.০০ টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা পত্র :-

বিক্রেতা :-

ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড রেজিস্ট্রেশন নং ২১।৫১৬৩২।৯০, ১৯৫৬ সালের কোম্পানী আইনের দ্বারা রেজিস্ট্রীকৃত রেজিস্টার্ড অফিস আনন্দ জ্যোতি বিল্ডিং, ৪১, নেতাজী সুভাষ রোড, কলিকাতা - ৭০০০০১।

**************************************

Certified that the deficit ... of Rs. 14,001 only has been paid ... Bank draft ... and the instrument is duly Stamped.

Addl. Dist. Sub Registar Bishnupur
Dist South 24 Parganas &
Collector U/S 41 & 42 (1)

এপাশ ... ২

1000Rs.




। ২ ।

বিক্রেতা :-

শ্রীহেম চন্দ্র দাস , পিতা মৃত ভূপাল চন্দ্র দাস
জাতি - হিন্দু , পেশা - চাষ ও শিক্ষকতা
সাং - আমতলা থানা - বিষ্ণুপুর, জেলা ২৪-
পরগনা ।

*************************************

কস্য ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্বের খেরাজী খাস দখলী শালী জমি জমা মায় ইজমেন্ট স্বত্বাদী ও সকল প্রকার অধিকার আদী সমেত

ক্রমশ .... ৩

সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিন ২৪ পরগনা থানা ও সাব রেজিস্ট্রী অফিস বিষ্ণুপুর পরগনা আজিমাবাদ ৩১৫ নং তৌজি মৌজা আমতলা জে: এল: ৭০ নং রে: সা: ১৪, ১৭ নং বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিন ২৪ পরগনা কালেকটর বাহাদুর অধিনে নিজ প্রজাই ৮৫ নং খতিয়ান ১ জমা ভুক্ত ১.০৮ শতক জমির কাত বার্ষিক খাজনা ১৫ টাকার মধ্যে ৮৪৬ দাগে শালী ৬৬ শতক মধ্যে ৩৩ শতক জমি জমা আমি বিগত ইংরাজী ৩।৩।১৯৭২ তারিখে বিষ্ণুপুর সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রী কৃত ১ নং বহির ২১ নং ভল্যুমের ২০৭ হইতে ২০৯ নং পাতার নকলকৃত ১৯১১ নং খরিদা দলিল সূত্রে প্রাপ্ত হইয়া মালিক সরকারের সেরেস্তায় খাজনাদী ও ট্যাক্স আদী আদায় দিয়া খাসে চাষাবাদ আদী র দ্বারা ভোগবান দখলীকার আছি । উহাই অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।

এক্ষনে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে

আপনি তাহা অবগত হইয়া আমার নিকট বেলমোক্তা মবলগে ১,১০,০০০.০০ টাকা এক লক্ষ দশ হাজার টাকায় তাহা খরিদ করিতে আমার নিকট প্রস্তাব করায় আমি আপনার প্রস্তাবে সম্মত ও স্বীকৃত হইয়া ও উক্ত ধার্য্য মূল্য বর্তমান বাজারোচিত মূল্য বিবেচনা করিয়া আমি অদ্য আপনার নিকট হইতে এককালীন নিয়মমত সমুদয় টাকা বুঝিয়া পাইয়া অদ্য আপনার অনুকূলে এই খোস বিক্রয় কোবালা দলিল সম্পাদন করিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে, তাহা হইতে আমি মায় আমার ওয়ারিশান গণ ক্রমে ও স্থলাভিষিক্ত গণ ক্রমে এককালীন চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইলাম। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া চন্ডী পঞ্চায়েত অঞ্চল অফিসে আপনার নিজ নাম পত্তন পূর্বক, দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব প্রকার হস্তান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে যদৃচ্ছা মতে-পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবি দাওয়া করিতে পারিব না ও পারিবেক না, করিলেও তাহা

ক্রমশ ... ৫

সর্বত্র সর্বাদালতে বাতিল , নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে ।

অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে অপর কাহাকেও দান , বিক্রয় , বন্ধক , বায়না , চার্জ , প্রজাবিলি , সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমি ব্যতীত আমার অপর কোন শরিক , দাবিদার বা অংশীদার নাই বা উহা কোন আদালত কর্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকাবদ্ধ নহে বা উহা ইতি পূর্বে কোন দেব - সেবায় বা জনহিতকর কার্যে অর্পন করি নাই বা উহা কোন পীরোত্তর ভুক্ত বা ওয়াকফ স্টেটের সম্পত্তি নহে বা কোন পাবলিক বডি কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান নহে বা ঐরূপ হইবার জন্য অদ্যাবধি আমার উপর কোন প্রকার নোটিশ জারি হয় নাই বা উক্ত সম্পত্তি পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ভেস্ট নহে , সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি আপনার অনুকূলে খোলসা খাস দখল পরিত্যাগ করিলাম ।

ভবিষ্যতে অত্র দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে সেক্ষেত্রে অত্র কোবালা গ্রহিতা আপনার খরচায় আপনার খরিদা মতে সম্পূর্ণ

দৃঢ়তর করার জন্য অত্র কোবালার পোষকে যুক্তি সঙ্গত যে কোন প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারি দলিল করার প্রয়োজন হইলে আমি তাহা বিনা পণে বেওজরে অত্র কোবালা গ্রহিতা আপনার খরচায় আপনার তলবমত আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে আমি মায় আমার ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ।

ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা তাহার কোন অংশ মিথ্যা বা ভঞ্চকী থাকা প্রকাশ পাইলে মাফিক আইনের আমলে আসিব । অধিকন্তু আমার প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার খরিদা স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা মায় যাবতীয় খরচ ও ক্ষতি পূরন সহ আপনাকে এককালীন ফেরত দিতে আমি মায় আমার ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া মায় অত্র দলিলের যাবতীয় শর্তে আমি মায় আমার ওয়ারিশানগণ ক্রমে বাধ্য থাকিয়া

ক্রমশ .. ৭

পনের সমুদয় মবলগে ১,১০,০০০.০০ এক লক্ষ দশ হাজার টাকা আপনার নিকট হইতে আয়মত এক কালীন নগদ গ্রহন করিয়া অত্র নিঃস্বত্বের সাফ বিক্রয় কোবালা আপনার নাম বরাবর লিখিয়া দিয়া যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ১৪০২ সালের ১৫ ই ফাল্গুন, মোতাবেক ইংরাজী ১৯৯৬ সালের ২৮ শে ফেব্রুয়ারী।

বিক্রীত সম্পত্তির তপশীল :-

জেলা দক্ষিন ২৪ পরগনা থানা ও সাবরেজিষ্ট্রী অফিস বিষ্ণুপুর পরগনা আজিমাবাদ ৩১৫ নং তৌজি জে: এল: ৭০ নং রে: সা: ১৪, ১৭নং মৌজা আমতলা গ্রামের মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিন ২৪ পরগনা কালেকটর বাহাদুর অধিনে প্রজাই ৮৫ নং খতিয়ানে রায়ত দখলী স্বত্বের মোট ১.৩৮ শতক জমির কাত বার্ষিক খাজনা ১০.০০ টাকার মধ্যে -

৮৪৬ আট শত ছেচল্লিশ দাগে কৃষি কার্য্যে শালী ৬৬ শতক মধ্যে দক্ষিনাংশ

৩৩ শতক উত্তর পবন মন্ডল পূর্ব অতুল পাল দক্ষিন -

ডাগাড়ি পশ্চিম বেচু ঘোষ

মং তেত্রিশ শতক জমি মাত্র -

খাজনা - ৪.৭৮ টাকা, মূল্য - ১,১০,০০০.০০ এক লক্ষ দশ হাজার টাকা।

শ্রীহেম চন্দ্র দাস

টা কা র জা মু :-

অদ্য তারিখে ১০০, মোট — ১১০০ স্কোয়ার = ১,১০,০০০.০০ টাকা

সং এক লক্ষ দশ হাজার টাকা

শ্রীহেম চন্দ্র দাস

মুসাবিদাকারক :-

প্রদ্যোত কুমার নন্দী

এ্যাডভোকেট

হাইকোর্ট, কলিকাতা

৬ নং ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,

কলিকাতা - ৭০০০০১।

***************

টাইপকারক :-

সুভাষ চন্দ্র পাল

১২ নং ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,

কলিকাতা - ৭০০০০১।

****************

ইসাদি :-

দিব্যেন্দু মণ্ডল

পিতা মৃত্যুঞ্জয় মণ্ডল

সাং — আমতলা,

P.S. - Baruipur

DSRO
Bishnupur

1315/2012

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये रु.10

TEN RUPEES Rs.10

सत्यमेव जयते

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

14AB 680528

846-1.65
983-1.65

483
2/2/18

4.00
172.00
20.00
196.00

01118

1 01315/2012

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 260978

Certified that the document is admitted for registration. The signature sheet and the endorsement sheets attached with this document are the part of this document.

Addl. Dist. Sub-Registrar, Bishnupur

Director

2 9 FEB 2012

-- : মৌজা - আমতলা গ্রামে ৩.৩ শতক অঃ তিন দশমিক তিন শতক জমি মাত্র । ধার্য্য বিক্রয় মূল্য ১,১০,০০০.০০ টাকা । সরকার কর্তৃক নির্ধারিত বাজার মূল্য ২,১৪,৪০০.০০ টাকা মূল্যের নির্দ্দিষ্ট বিক্রয় সাফ কোবালা পত্র :-

*****************************************

ক্রেতা :-

****** শ্রীমতী মাজলী ঘোষাল স্বামী শ্রী শুভাশিষ ঘোষাল , ধর্ম - হিন্দু , ভারতীয় নাগরিক , পেশা - গৃহকার্য্য , সাং - মামুদপুর , পোষ্ট অফিস - চড়াশপ্রম দাস , থানা - বিষ্ণুপুর , জেলা - দক্ষিন ২৪ পরগণা ।

[redacted]

M/s. Decorative Stone (I) Pvt. Ltd.

Director

বিক্রেতা :-

"*******" মেসার্স ডেকোরেটিভ স্টোন ( ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড" রেজিস্ট্রেশন নং ২১।৫৯৬৩২। ১৯৯০, ১৯৫৬ সালের ভারতীয় কোম্পানী আইনের দ্বারা রেজিস্ট্রিকৃত রেজিস্টার্ড অফিস সাবেক ৪১ এন. এস. রোড কোলকাতা - ৭০০০০১ বর্তমান ১০ নং বেন্টিঙ্ক স্ট্রীট , কোলকাতা - ৭০০০০১ পক্ষে বিগত ইংরাজী ৮।৬।২০০১ তারিখের বোর্ড অফ ডিরেক্টারস্ এর মিটিং বলে নিযুক্ত ডিরেক্টর শ্রী দামনীত সিং সোনী পিতা শ্রী তেজাপদর সিং, ধর্ম - শিখ , ভারতীয় নাগরিক , পেশা - ব্যবসা , সাং - ১৪ নং বেন্টিঙ্ক স্ট্রীট , কোলকাতা - ৭০০০০১ ।

কসা ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্বের খেরাজী জমি জমা বায় শালি জমি জমা বায় উক্ত জমিতে গমনাগমন করিবার জন্য কমন প্যাসেজের সর্ব - বিধ ব্যবহারিক কমন ইজমেন্ট স্বত্ব সমেত নিঃস্বত্ব বিক্রয় সাফ কোবালা পত্র মিদং কার্য্যনঞ্চাগে ।

জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা ও এ. ডি. এস. আর. অফিস বিষ্ণুপুর মালীক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগণার কালেক্টর অধীনে পরগণা আজিমাবাদ ৩১৫ নং তৌজী ভুক্ত জে এল ৭৩ নং রেঃ সাঃ ১৪ , ১৭ নং মৌজা শ্যামতলা গ্রামে প্রজাই ৮৫ নং খতিয়ানে ১ একর ৩৮ শতক জমির কাত বার্ষিক

২০.০০ টাকা জমা জমি মধ্যে ৮৪৬ দাগে শালি জমি ৬৬ শতক জমির মধ্যে ৩৩ শতক জমি যাহা আমতলা সাকিমের জনৈক ভূপাল চন্দ্র দাসের পুত্র হেমচন্দ্র দাস মহাশয় বিগত ইংরাজী ৩।৩।১৯৭২ তারিখে বিষ্ণুপুর সাবরেজিস্ট্রী অফিস রেজিস্ট্রীকৃত ১ নং বহির ২১ নং ভলুমের ২০৭ হইতে ২০৯ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯০১ নং একেতা কোবালা দলিলের দ্বারা আমতলা সাকিমের সুরেন্দ্র নাথ মাঝির পুত্র কেষ্ট চন্দ্র মাঝীর নিকট হইতে খরিদ করিয়া উহাতে তিনি নিজ স্বত্বে মালিকের ন্যায় খাজনাদি আদায় দিয়া অন্যের বিনাপত্তে একক ষোল আনা নিব্যূঢ় স্বত্ব প্রচারে ভোগবান ও দখলীকার থাকেন।

তৎপরে বর্ত্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন ( ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ২৮।২।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলিকৃত ও রেজিস্ট্রীকৃত ও ২৬।৫।১৯৯৬ তারিখে নথিভুক্ত ১ নং বহির ১২ নং ভল্যুমের ১৫৩ হইতে ১৫৮ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১০১০ নং একেতা কোবালা দলিলের দ্বারা উক্ত হেমচন্দ্র দাসের নিকট হইতে উক্ত ৮৪৬ দাগে ৬৬ শতক জমির মধ্যে চিহ্নিত দক্ষিনাংশে চিহ্নিত মাপযুক্ত ৩৩ শতক জমি খরিদ করেন।

ঐ মৌজা ঐ তৌজী প্রভৃতি উক্ত ৮৫ নং খতিয়ানে ৮৪৬ দাগে শালি জমি ৬৬ শতক জমির মধ্যে ৩৩ শতক জমি যাহা আমতলা সাকিমের জনৈক জীবন কৃষ্ণ মন্ডলের পুত্র প্রশান্ত কুমার মন্ডল মহাশয় বিগত ইংরাজী ১৪।৫।১৯৬১ তারিখে বিষ্ণুপুর

সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৪৪ নং ভল্যুমের ২১১ হইতে ২১৩ পৃষ্ঠায় লিপিবদ্ধ ৩১১৪ নং একবেতা কোবালা দলিলের দ্বারা খামতলা সাকিনের সুরেন্দ্র নাথ মাজীর পুত্র দুলাল চন্দ্র মাজীর নিকট হইতে খরিদ করিয়া উহাতে তিনি নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া অন্যের বিনাপত্তে একক ভোগ আনা নিব্যূঢ়ে স্বত্ব প্রচারে ভোগবান ও দখলিকার থাকেন ।

তৎপরে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ৮।৩।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ৯।৪।১৯৯৬ তারিখে নথিভুক্ত ১ নং বহির ১০ নং ভল্যুমের ১৯৯ হইতে ২০৪ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১১০২ নং একবেতা কোবালা দলিলের দ্বারা উক্ত প্রশান্ত কুমার মণ্ডলের নিকট হইতে উক্ত ৮৪৬ দাগে ৬৬ শতক জমির মধ্যে চিহ্নিত উত্তরাংশে চিহ্নিত মাপসুরত ৩৩ শতক জমি খরিদ করেন ।

এইরূপে উপরোক্ত দুইকেতা কোবালা দলিলের দ্বারা বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড উক্ত ৮৪৬ দাগে ৬৬ শতক জমি উপরোক্ত প্রকারে খরিদ করিয়া উহাতে নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া অন্যের বিনাপত্তে নির্বিবাদে একক যোগ খানা নিব্যূঢ়ে স্বত্ব প্রচারে ভোগবান ও দখলীকার থাকেন ।

বর্তমান হালকা জরিপে উক্ত আর. এস. ৮৪৬ দাগের স্থলে নূতন এল.

M/s. Decorative Stone (I) Pvt. Ltd.
Director

আর. ১৮৫৬ দাগে শালি জমি ৬৬ শতক জমি বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ ষ্টোন (ইণ্ডিয়া ) প্রাইভেট লিমিটেডের নামে নূতন এল. আর. ৯২০ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে ।

ঐ মৌজা ঐ তৌজী প্রজাই ১০৬০ নং খতিয়ানে ৬০ শতক জমির কাত বার্ষিক ৭.৬৬ টাকা জমা জমি মধ্যে ৯৮০ দাগে শালি ৯০ শতক জমির মধ্যে ১৫ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট জরীপে খামতলা সাকিনের শংকুরাম ঘোষের পুত্র চিত্তরঞ্জন ঘোষের নামীয় রেকর্ড ভুক্ত স্বত্ব দখলী সম্পত্তি থাকে । তিনি উহাতে নিজ খাসে মালিকের নিরুপিত করাদি আদায় দিয়া ভোগবান ও দখলীকার থাকেন ।

তৎপরে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ ষ্টোন (ইণ্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ১৫।৩।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ৯।৫।১৯৯৬ তারিখে নকলভুক্ত ১ নং বহির ১৩ নং ভলুমের ২২৫ হইতে ২৩০ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১১৩৬ নং একক্রেতা কোবালা দলিলের দ্বারা উক্ত চিত্তরঞ্জন ঘোষের নিকট হইতে উক্ত ৯৮০ দাগে ১৫ শতক জমি খরিদ করেন ।

ঐ মৌজা ঐ তৌজী প্রজাই ৫৮০ নং খতিয়ানে ৩০ শতক জমির কাত বার্ষিক ১.৬৭ টাকা জমা জমি মধ্যে ৯৮০ দাগে ৯০ শতক জমির মধ্যে ৩০ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট জরীপে জনৈক নগেন্দ্র নাথ পালুই এর স্বত্ব দখলী সম্পত্তি

থাকে । তিনি উহাতে নিজ খাসে ভোগবান ও দখলিকার থাকা অবস্থায় উক্ত নগেন্দ্র নাথ পাল্‌ই বিগত ইংরাজী ২১।১১।১৯৬১ তারিখে বিষ্ণুপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১০১৩২ নং এককেতা কোবালা দলিলের দ্বারা উক্ত ৯৮০ দাগে ৩০ শতক জমি আমতলা সাকিমের জনৈক অতুল চন্দ্র মাজীকে বিক্রয় করিয়া উহা হইতে চির তরে নিস্বত্ত , স্বত্বহীন ও দখলচ্যুত হইলেপর উক্ত অতুল চন্দ্র মাজী তাঁহার খরিদা ৯৮০ দাগে ৩০ শতক জমিতে তিনি নিজ খাসে ভোগবান ও দখলিকার থাকা অবস্থায় উক্ত অতুল চন্দ্র মাজী বিগত ইংরাজী ২৫।১।১৯৮০ তারিখে বিষ্ণুপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ২ নং ভলুমের ১৩৯ হইতে ১৩১ পৃষ্ঠায় লিপিবদ্ধ ২৭০ নং এককেতা কোবালা দলিলের দ্বারা উক্ত ৯৮০ দাগে ৩০ শতক জমি আমতলা সাকিমের জনৈক বেচুরাম ঘোষের দুই পুত্র বিজয় কৃষ্ণ ঘোষ ও অরবিন্দ ঘোষকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিস্বত্ত , স্বত্বহীন ও দখলচ্যুত হইলে পর উক্ত বিজয় কৃষ্ণ ঘোষ ও অরবিন্দ ঘোষ দুইজনে তাঁহাদের খরিদা ৯৮০ দাগে ৩০ শতক জমিতে তাঁহারা দুই ভ্রাতায় একযোগে খাসে ভোগবান ও দখলীকার থাকেন ।

তৎপরে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন ( ইণ্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ১৫।৩।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ১০।৪।১৯৯৬ তারিখে নকলীকৃত ১ নং বহির ১২ নং ভলুমের ৪৭৭ হইতে ৪৮৪ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১১০৪ নং এককেতা কোবালা

দলিলের দ্বারা উক্ত বিজয় কৃষ্ণ ঘোষ ও অরবিন্দ ঘোষ দিং এর নিকট হইতে উক্ত ৯৮৩ দাগে ৩০ শতক জমি খরিদ করেন ।

ঐ মৌজা ঐ তৌজী প্রভৃতি উক্ত ১০৬০ নং খতিয়ানে ৯৮৩ দাগে ৩০ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট অরীপে আমতলা সাকিমের বেচুরাম ঘোষের নামীয় রেকর্ড ভুক্ত স্বত্ব দখলী সম্পত্তি থাকে । তিনি উহাতে নিজ খাসে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় পরলোক গমন করিলে তাঁহার ওয়ারেশ চারপুত্র যথাক্রমে অরবিন্দ ঘোষ, বিজয় কৃষ্ণ ঘোষ , অবিনাশ ঘোষ , সুদর্শন ঘোষ , স্ত্রী চঞ্চলা ঘোষ ও দুই কন্যা অনিমা ঘোষ ও পারুল বালা ঘোষ সহ সাতজনে তাঁহাদের পূর্ব্বাধিকারী বেচুরাম ঘোষের ওয়ারেশ সূত্রে তাঁহার ত্যক্ত উক্ত ৯৮৩ দাগে ৩০ শতক জমি প্রাপ্ত হইয়া উহাতে তাঁহারা কেবলমাত্র সাতজনে এজমালে খাসে মালিকের করাদি আদায় দিয়া ভোগবান ও দখলীকার থাকেন ।

তৎপরে বর্ত্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ১৫।৩।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ১৩।৬।১৯৯৬ তারিখে নকলীকৃত ১ নং বহির ২১ নং ভলুমের ১০৭ হইতে ১৩৪ পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৮৮৮ নং একক্তো কোবালা দলিলের দ্বারা উক্ত বেচুরাম ঘোষের ওয়ারেশ অরবিন্দ ঘোষ দিং এর নিকট হইতে উক্ত ৯৮৩ দাগে তাঁহাদের অংশের ৩০ শতক জমি খরিদ করেন ।

ঐ মৌজা ঐ তৌজী প্রজাই উক্ত ১০৬৩ নং খতিয়ানে ৯৮৩ দাগে ১৫ শতক জমি যাহা বিগত রিভিশনাল সেটেলমেন্ট জরীপে খামতলা নাকিমের পঞ্চু রাম ঘোষের পুত্র নিরাপদ ঘোষের নামীয় রেকর্ড ভুক্ত স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তিনি উহাতে নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া ভোগবান ও দখলিকার থাকিয়া অবিবাহিত অবস্থায় পরলোক গমন করিলে হিন্দু উত্তরাধিকার আইনের বিধানমতে তাঁহার গর্ভধারিনী মাতা বীনাপানি ঘোষ উক্ত নিরাপদ ঘোষের একমাত্র ওয়ারেশ বিধায় তাঁহার ত্যক্ত উক্ত ৯৮৩ দাগে ১৫ শতক জমি তাঁহার মৃত পুত্রের ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে তিনি নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া ভোগবতী ও দখলকারিনী থাকেন।

তৎপরে বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন ( ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ২৮।১০।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর এ. ডি. এস. আর. অফিসে দাখিলিকৃত ও রেজিষ্ট্রীকৃত ও ৬।৮।১৯৯৭ তারিখে নকলিভুক্ত ১ নং বহির ২৬ নং ভল্যুমের ২৮৭ হইতে ২৯০ পৃষ্ঠায় লিপিবদ্ধ ২৫০৫ নং এককেতা কোবালা দলিলের দ্বারা উক্ত বীনাপানি ঘোষের নিকট হইতে উক্ত ৯৮৩ দাগে ১৫ শতক জমি খরিদ করেন।

এইরূপে উপরোক্ত চারকেতা কোবালা দলিলের দ্বারা বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইন্ডিয়া ) প্রাইভেট লিমিটেড উক্ত ৯৮৩ দাগে ১০ শতক জমি উপরোক্ত প্রকারে খরিদ করিয়া উহাতে নিজ খাসে মালিকের করাদি আদায় দিয়া

অনোন বিনাপত্তে নির্বিবাদে একক ষোল আনা নিব্যুঢ় স্বত্ব প্রচারে ভোগবান ও দখলীকার থাকেন।

বর্তমান হালকা জরীপে উক্ত আর. এস. ৯৮০ দাগের স্থলে নূতন এল. আর. ৯৮৫০ দাগে খালি ৯০ শতক জমির মধ্যে ৮০০৩ অংশে ৭৫ শতক জমি বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইণ্ডিয়া ) প্রাইভেট লিমিটেডের নামে নূতন এল. আর. ৯২৩ নং খতিয়ানে ও ১৬৬৭ অংশে ১৫ শতক জমি পূর্বতন আর. এস. জরীপের রেকর্ড মালিক চিত্তরঞ্জন ঘোষের নামে নূতন এল. আর. ৭৯০ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে।

বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইণ্ডিয়া ) প্রাইভেট লিমিটেড এর খরিদা উক্ত ৮৫৬ ও ৯৮০ দাগে ও অপরাপর দাগের জমিতে গমনা গমনের কোন পথ না থাকায় বর্তমান বিক্রেতা মেসার্স ডেকোরেটিভ স্টোন (ইণ্ডিয়া ) প্রাইভেট লিমিটেড বিগত ইংরাজী ৩।২।১৯৯৬ তারিখে বিষ্ণুপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩০৯ নং একক্তো কমন প্যাসেজের ইজমেন্ট রাইটের চুক্তিপত্র দলিলের দ্বারা খামতলা সাকিনের মহেশ চন্দ্র মণ্ডলের স্ত্রী পারুল বালা মণ্ডলের সহিত উক্ত দলিল সংলগ্ন নকসায় অংকিত সবুজ, লাল ও হলুদ রং দ্বারা চিহ্নিত ৭১০, ৭০০ ও ৭৫৯ নং দাগের উপর দিয়া ২৫' ফুট প্রস্থে কমন প্যাসেজের একখণ্ড চুক্তিপত্র সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া উক্ত কমন প্যাসেজ দিয়া গমনাগমন করিয়া উক্ত ৮৫৬ ও ৯৮০ দাগের জমি সহ অপরাপর দাগের জমিতে খাসে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় উক্ত ৮৫৬ ও ৯৮০ দাগের জমি সহ